

রাজবাড়ী সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি আয়োজিত ২০২২ সালে অনুষ্ঠিতব্য ৪৯তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব এ্যাডভোকেট ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

তারিখ : ২৫-০৮-২০২২খ্রিঃ। সময় : সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দৃষ্টব্য।

অধ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপনের জন্য জনাব মোহাম্মদ ইকবাল হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কে অনুরোধ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ২৮/০৮/২০২২খ্রিঃ তারিখের স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/২৪৮৭/৬৪(১২৫০) পত্রটি সভায় পাঠ করে শুনান। বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ৪৯তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন খেলাধুলার সময়সূচিসহ খেলাধুলা পরিচালনার জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

৪৯তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার নিম্ন লিখিত ইভেন্ট সমূহ অন্তর্ভুক্ত হবে।

ফুটবল		হ্যাণ্ডবল		কাবাডি		সাঁতার		দাবা	
ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী

সাঁতার প্রতিযোগিতার গ্রুপ :

- (ক) বালক ও বালিকা - বড় : ১) ১০০ মিটার মুক্ত সাঁতার, ২) ২০০ মিটার মুক্ত সাঁতার
৩) ১০০ মিটার চিৎ সাঁতার ৪) ১০০ মিটার বুক সাঁতার
৫) ১০০ মিটার প্রজাপতি সাঁতার ৬) ৪ x ১০০ মিটার মিডলে রীলে সাঁতার (প্রথমে চিৎ সাঁতার, পরে বুক সাঁতার, তারপর প্রজাপতি ও সর্বশেষ প্রতিযোগীর মুক্ত সাঁতার)।
- (খ) বালক ও বালিকা - মধ্যম : ১) ১০০ মিটার মুক্ত সাঁতার, ২) ৫০ মিটার চিৎ সাঁতার
৩) ৫০ মিটার বুক সাঁতার ৪) ৫০ মিটার প্রজাপতি সাঁতার
৫) ৪ x ৫০মিটার মিডলে রীলে সাঁতার (প্রথমে চিৎ সাঁতার, পরে বুক সাঁতার, তারপর প্রজাপতি ও সর্বশেষ প্রতিযোগীর মুক্ত সাঁতার)।

সিদ্ধান্ত : - ২ : সকল খেলাধুলা বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির গঠনতন্ত্র অনুযায়ী পরিচালিত হবে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির গঠনতন্ত্র মোতাবেক পরিশিষ্ট "ক" অনুযায়ী তালিকা করে ০৫ (পাঁচ) কপি তালিকা একক খেলার জন্য পাসপোর্ট সাইজ এবং দলীয় খেলার জন্য ১০" x ১২" গ্রুপ ছবি জমা দিতে হবে। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রীরা ৪৯তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য পি,এস,সি পরীক্ষার প্রবেশ পত্র ও পাসের মূল সনদ এবং ৯ম ও ১০ম শ্রেণীর ছাত্র ছাত্রীদের জন্য জে,এস,সি ও জেডিসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও পাসের মূল সনদ/একাডেমিক ট্রান্সক্রিপটের ফটোকপি প্রদর্শন পূর্বক এবং ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক (ইনডেক্স নম্বর ও নামাংকিত সীলসহ) সত্যায়িত করে জমা প্রদান বাধ্যতামূলক। অন্যথায় কোন অবস্থায় খেলায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। সিদ্ধান্ত-৩ : গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনার সুবিধার্থে রাজবাড়ী সদর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ০৫টি জোনে ভাগ করে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

জোনের নাম	জোন ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম	জোনের দায়িত্ব	মন্তব্য
১. শেরে বাংলা বালিকা উচ্চ বিদ্যালয় (বকুল জোন)	১। রাজবাড়ী সরকারী উচ্চ বিদ্যালয় ২। রাজবাড়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ৩। রাজবাড়ী সরকারী টেকনিক্যাল স্কুল এণ্ড কলেজ ৪। কাজী হেদায়েত হোসেন বালিকা উচ্চ বিদ্যালয় ৫। ইয়াছিন উচ্চ বিদ্যালয় ৬। রাজা সূর্য কুমার ইনস্টিটিউশন, রাজবাড়ী ৭। শেরে বাংলা বালিকা উচ্চ বিদ্যালয় ৮। অংকুর কলেজিয়েট উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ৯। বরাট ভাকলা স্কুল এণ্ড কলেজ ১০। আল্লা নেওয়াজ খায়রু মাধ্যমিক বিদ্যালয় ১১। সূর্যনগর দ্বিমুখী উচ্চ বিদ্যালয় ১২। চরজৌকুড়ী উচ্চ বিদ্যালয় ১৩। বরাট আকিরগনেছা ফাজিল মাদ্রাসা ১৪। আলহাজ্ব আব্দুল করিম উচ্চ বিদ্যালয় ১৫। বরাট বালিকা উচ্চ বিদ্যালয় ১৬। আলগাজ্জালী উচ্চ বিদ্যালয় ১৭। রাজবাড়ী শ্রীপুর লজ্জাতুন নেছা কামিল মাদ্রাসা ১৮। রাজবাড়ী আদর্শ উচ্চ বিদ্যালয় ১৯। আলাদিপুর উচ্চ বিদ্যালয় ২০। মাদানী কমপ্লেক্স মহিলা দাখিল মাদ্রাসা ২১। ডাঃ আব্দুল ওয়াহিদ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়	প্রধান শিক্ষক, শেরে বাংলা বালিকা উচ্চ বিদ্যালয়	বকুল জোন থেকে বকুল-১ ও বকুল-২ নামে দুটি দল উপজেলা পর্যায়ে অংশগ্রহণ করবে।